[redacted]

[redacted]

পুলিশের পক্ষ থেকে এখনো মৃত্যুর সুনির্দিষ্ট কারণ জানানো হয়নি। পুলিশ জানায়, ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

এদিকে পরিবারের দাবি, প্লাস্টিকের বোতল সংগ্রহ করতে গিয়ে তিনি হয়তো ওই ডোবা পুকুরে পড়ে যান এবং সেখান থেকে আর উঠতে পারেননি। স্থানীয় এলাকাবাসী জানান, পুকুরটি অত্যন্ত গভীর এবং এতে প্রচুর কচুরিপানা রয়েছে। কয়েকদিন আগেও ওই পুকুরে একটি গরু পড়ে গেলে স্থানীয়রা উদ্ধার করে পুকুরপাড়ে তুলেছিলেন। এ কারণে অনেকের ধারণা, নিহত ব্যক্তি অসাবধানতাবশত পুকুরে পড়ে ডুবে মারা যেতে পারেন। তবে লাশ উদ্ধার করার পর দেখা যায়, লাশের মাথায় আঘাতের চিহ্ন রয়েছে।